দৈনিক ইনকিলাব

তারিখ 28 JUL 1987

পৃষ্ঠা ... ৮ ... কলাম ...

224

# উপজেলা পরিক্রমা

## মুন্সীগঞ্জ সদর

মুন্সীগঞ্জ, ২৮ জুলাই (সংবাদদাতা)।— উত্তরে ধলেশ্বরী নদী ও নারায়ণগঞ্জ জেলা, দক্ষিণে পদ্মানদী ও ফরিদপুর জেলা, পূর্বে মেঘনা নদী ও কুমিল্লা জেলা দ্বারা বেস্টিত ৮০ বর্গমাইল আয়তন বিশিষ্ট ৯টি ইউনিয়ন নিয়ে গঠিত মুন্সীগঞ্জ সদর উপজেলা। উপজেলার জনসংখ্যা ২ লাখ ৪৫ হাজার ১শ' ৮৭ জন। এর মধ্যে পুরুষ ১ লাখ ২৭ হাজার ৮শ' ৩৫ জন এবং মহিলা ১ লাখ ১৭ হাজার ৩শ' ৫২ জন। এ উপজেলায় ১টি পৌরসভা, ২টি টেলিফোন এক্সচেঞ্জ, ২টি লঞ্চ ঘাট রয়েছে।

**কৃষি**

উপজেলার অধিকাংশ লোকই কৃষিজীবী। মোট জমির পরিমাণ ৫১ হাজার ২শ' একর। এর মধ্যে আবাদী জমির পরিমাণ ৩৪ হাজার একর। সেচ আওতায় রয়েছে ৩ হাজার ২শ' একর। উৎপাদিত প্রধান ফসল ধান, আলু, পাট, সরিষা, গম।

**শিক্ষা**

উপজেলায় ১টি সরকারী কলেজ, ১টি বেসরকারী মহিলা কলেজ, ১৫টি মাধ্যমিক বিদ্যালয়, ৩টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ৯৮টি প্রাথমিক বিদ্যালয়, ৩টি কিণ্ডারগার্টেন ও ১টি প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে।

**যোগাযোগ**

উপজেলার যোগাযোগের প্রধান মাধ্যম সড়ক ও নৌপথ। উপজেলায় মাত্র ১২ মাইল রাস্তা পাকা এবং সাড়ে ১৯ মাইল রাস্তা আধাপাকা, বাকী ৮৫ মাইল কাচা। উপজেলাবাসীদের লঞ্চযোগে নারায়ণগঞ্জ হয়ে রাজধানী ঢাকায় যেতে হয়।

**চিকিৎসা**

উপজেলায় মাত্র ১টি সরকারী হাসপাতাল রয়েছে। হাসপাতালে দীর্ঘদিন থেকে কোন এম্বুলেন্স নেই। জরুরী রোগীদের ঢাকায় স্থানান্তরের ব্যাপারে রোগীদের দুর্ভোগ পোহাতে হয়।

**বিদ্যুৎ**

উপজেলার ২শ' ৫৪টি গ্রামের মধ্যে ১শ' ৯০টি গ্রামে বিদ্যুৎ সংযোগ স্থাপন করা হয়েছে।

**অন্যান্য**

উপজেলা সদরের বাজারটি লোকসংখ্যা তুলনায় ছোট হওয়াতে অফিস-আদালত ছুটির সময় ক্রেতা-বিক্রেতাদের নানান দুর্ভোগ পোহাতে হয়।